

স্মারক নং- ২৭.২৯.০০০০.০১১.১১.০০৭.২০-৩৭১

তারিখঃ ১লা আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ই সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগপত্র

গত ১৬/০৮/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত নেসকো পরিচালনা পর্ষদের ২৩৮তম সভার সিদ্ধান্ত ও গত ১০/০৯/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত নেসকো'র বিভিন্ন পদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন লক্ষ্যে গঠিত কমিটির ২৫তম সভার সিদ্ধান্ত ও কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নেসকো'র সাব-স্টেশন অ্যাটেনডেন্ট-এ পদে সংরক্ষিত অপেক্ষমাণ তালিকার মেধাক্রম অনুসারে নিম্নোক্ত প্রার্থীগণকে এ নিয়োগপত্রের শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	মেধাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম	মাতার নাম	জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা
১	৪১	৪৩৪৮৭৩	মোঃ আদনান বিল্লাহ	মোঃ রফিউল হক	মোছাঃ শাহিদা বেগম	১৯৯৪-০৮-০১	গ্রাম/বাসা/হোল্ডিং নং: সরদার পাড়া ডাকঘর: ঘোগাদহ-৫৬০০ থানা/উপজেলা: কুড়িগ্রাম সদর জেলা: কুড়িগ্রাম
২	৪২	৪৩৬৩৮৩	শুভ আহমেদ	আসতুল আলী	রুমিয়া খাতুন	১৯৯৬-১০-১০	গ্রাম/বাসা/হোল্ডিং নং: গাছেরদিয়াড় স্কুলপাড়া ডাকঘর: জুনিয়াদহ-৭০৪০ থানা/উপজেলা: দৌলতপুর জেলা: কুষ্টিয়া
৩	৪৩	৪৩৩৩৬৬	মোঃ রাশেদুল ইসলাম	মোঃ আমির হোসেন	রেহেনা বেগম	১৯৯৯-০১-০১	গ্রাম/বাসা/হোল্ডিং নং: ইমামদিরকান্দি ডাকঘর: সুরেশর্দি-৩৫৪০ থানা/উপজেলা: মুরাদনগর জেলা: কুমিল্লা
৪	৪৪	৪৩১১০১	মোঃ নঈমুল ইসলাম	মোঃ শফিকুল ইসলাম	পাপিয়া বেগম	১৯৯৮-১২-১০	গ্রাম/বাসা/হোল্ডিং নং: মধ্যপাড়া, কাকনহাটি ডাকঘর: ঈশ্বরগঞ্জ-২২৮০ থানা/উপজেলা: ঈশ্বরগঞ্জ জেলা: ময়মনসিংহ
৫	৪৫	৪৩৪০৩৯	মোঃ হাসান	মোঃ খোরশেদ আলম	রাজিয়া বেগম	২০০০-১১-০১	গ্রাম/বাসা/হোল্ডিং নং: ঘাগটিয়া ডাকঘর: ঘাগটিয়া চালা -১৭৩০ থানা/উপজেলা: কাপাসিয়া জেলা: গাজীপুর
৬	৪৬	৪৩৩৫৭৬	মোঃ হাবিবুর রহমান	মোঃ মোতালেব মোল্লা	মেহেরজান বেগম	১৯৯৭-১০-০৫	গ্রাম/বাসা/হোল্ডিং নং: সাবুল্লা পাড়া, খোকশাবাড়ী ডাকঘর: রামকলা-৫৩০০ থানা/উপজেলা: নীলফামারী সদর জেলা: নীলফামারী
৭	৪৭	৪৩৫৭৩১	আবু সাঈদ মোঃ নিয়াজ মাহমুদ	মোখলেছুর রহমান	মোছাঃ জবেনুর বেগম	১৯৯৭-১০-১৪	গ্রাম/বাসা/হোল্ডিং নং: এ্যাকোয়ারস্টেট পাড়া, পূর্ব ব্রিজ রোড ডাকঘর: গাইবান্ধা সদর-৫৭০০ থানা/উপজেলা: গাইবান্ধা সদর জেলা: গাইবান্ধা

Signature

প্রযোজ্য শর্তাবলি:

১. নিয়োগ চুক্তির মেয়াদ:

০১ (এক) বছর প্রবেশন পিরিয়ডসহ এ নিয়োগ-চুক্তির মেয়াদ সর্বোচ্চ ০৩ (তিন) বছর। তবে, কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে প্রবেশন পিরিয়ড আরো ছয় মাস বৃদ্ধি করতে পারবেন অথবা প্রবেশন পিরিয়ডে কর্মমূল্যায়ন সন্তোষজনক না হলে চাকরির অবসান করতে পারবেন। সন্তোষজনকভাবে প্রবেশন পিরিয়ড সম্পন্নকরণ, অন-দ্যা-জব ট্রেনিং প্রতিবেদন বা ফাউন্ডেশন ট্রেনিং সনদ, সন্তোষজনক পুলিশ তদন্ত প্রতিবেদন, সন্তোষজনক বার্ষিক গোপনীয় প্রতিবেদন, সম্পদ বিবরণী, পারফরমেন্স বিবরণী এবং স্বাস্থ্যগত সনদ বিবেচনা সাপেক্ষে প্রার্থীর প্রবেশন পিরিয়ডসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিতকরণ (Confirmed) করা হবে। সন্তোষজনক কর্মকাল বিবেচনায় চুক্তির মেয়াদ শর্ত সাপেক্ষে নবায়নযোগ্য।

২. বেতন ও অন্যান্য সুবিধা:


ক)	মাসিক মূল বেতন	৳ ২৩,০০০.০০ (ডেইশ হাজার) টাকা মাত্র।
খ)	বাড়ি ভাড়া ভাতা	নেসকো'র বিধি বিধান অনুসারে প্রাপ্য।
গ)	চিকিৎসা ভাতা	
ঘ)	বোনাস	
ঙ)	যানবাহন/যাতায়াত ভাতা	
চ)	বাংলা নববর্ষ ভাতা	
ছ)	প্রান্তিক/অন্যান্য সুবিধাদি	নেসকো'র বিধি বিধান অনুসারে গ্র্যাচুইটি, সিপিএফ এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন যা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।
জ)	আয়কর	সরকারের বিধিবিধান অনুযায়ী আয়কর কর্তন যোগ্য।

৩.	অব্যাহতি/ চাকরির অবসান/ চাকরিচ্যুতি	ক) অস্থায়ী/অন-প্রবেশন ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়ির ক্ষেত্রে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ/ ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে চাকরি হতে অব্যাহতি /চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। খ) স্থায়ী/নিয়মিত ইমপ্লয়ির ক্ষেত্রে (চাকরি নিশ্চিতকরণের পর) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৪ (চার) মাসের অগ্রিম নোটিশ/ ০৪ (চার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ হতে অব্যাহতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। গ) প্রবেশন পিরিয়ডে কোনো ধরনের লিখিত নোটিশ প্রদান ব্যতিরেকে এ নিয়োগ হতে অব্যাহতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উল্লেখ্য, বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কিংবা দুর্নীতি, দায়িত্ব অবহেলা কিংবা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রে চাকরি বিধি মোতাবেক অব্যাহতি/চাকরির অবসান/চাকরিচ্যুতি করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৪.	স্বেচ্ছায় পদত্যাগ	ইমপ্লয়ি প্রবেশন পিরিয়ডে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। চাকরি নিশ্চিতকরণের পর ০২ (দুই) মাসের অগ্রিম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। তবে কোন কারণে নির্ধারিত সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিশ প্রদানে ব্যর্থ হলে উক্ত সময়ের (নোটিশ পিরিয়ডের ঘাটতিকাল) মূলবেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন।
৫.	চাকরির সুবিধাদি পরিবর্তন/পরিমার্জন	ইমপ্লয়ির চাকরি নেসকো'র সার্ভিস রুলস দ্বারা নিয়ন্ত্রিত হবে। নেসকো কর্তৃপক্ষ প্রতিষ্ঠানে বিদ্যমান বিধি অথবা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লেখিত চাকরির শর্তাবলি ও সুবিধাদি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।
৬.	ছবি ও সনদপত্র দাখিল	যোগদানের সময় প্রার্থীকে নিম্নবর্ণিত সনদ/দলিলাদি দাখিল করতে হবে:- - সিভিল সার্জন/নেসকো'র নিজস্ব মেডিক্যাল আফিসার কর্তৃক প্রদত্ত শারীরিক কর্মক্ষমতা/যোগ্যতার সনদ; - স্বহস্তে স্বাক্ষরিত যোগদানপত্র; - অনলাইন আবেদনের রঙিন কপি; - গেজেটেড (৯ম গ্রেড বা তদুর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি;

P. H. H.

		- গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের কপি; - স্থায়ী ঠিকানার সমর্থনে মেয়র/চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি; - গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর ফটোকপি এবং - গেজেটেড (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত অভিজ্ঞতার সকল সনদপত্রের ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে)। উল্লেখ্য, যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর মূল কপি এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
৭.	ছাড়পত্র	সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সরকারি মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
৮.	সার্টিফিকেটের তথ্য	পুলিশ তদন্ত প্রতিবেদন, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রার্থী কর্তৃক দাখিলকৃত অন্যান্য তথ্যে গরমিল/মিথ্যা প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৯.	সম্পদ বিবরণী	যোগদানের সময় নেসকো কর্তৃক নির্ধারিত (নেসকো'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে) সম্পদ বিবরণী ফর্ম প্রার্থী কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে।
১০.	পুলিশ তদন্ত প্রতিবেদন	যোগদানের সময় নেসকো কর্তৃক নির্ধারিত (নেসকো'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে) পুলিশ তদন্ত প্রতিবেদন ফর্ম প্রার্থী কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে।

উপর্যুক্ত শর্তাবলিতে সম্মত থাকলে আগামী ০৪/১০/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:০০ ঘটিকায় উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) এর দপ্তরে সশরীরে উপস্থিত হয়ে ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০ বরাবর যোগদানপত্র দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে প্রার্থী বরাবর ইস্যুকৃত নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।


16.9.26
মোঃ রফিকুল ইসলাম

মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন)
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
hr.admin@nesco.gov.bd